# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 05.06.2024 Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবর –**

১) বিজেপি-র নেতৃত্বে শনিবার নতুন সরকার গঠন করতে চলেছে এন ডি এ। এই নিয়ে টানা তৃতীয়বার প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন নরেন্দ্র মোদী।

২) পরবর্তী কর্মসূচী স্থির করতে আজ সন্ধ্যায় নতুন দিল্লিতে বৈঠকে বসেছে বিরোধী ইন্ডি জোট।

৩) দলের নব নির্বাচিত সাংসদ ও বিধায়কদের সঙ্গে শনিবার বৈঠকে বসবেন তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৪) লোকসভা ভোটের ফল ঘোষণার পর থেকেই জেলায় জেলায় হিংসার খবর পাওয়া যাচ্ছে।

৫) আজ বিশ্ব পরিবেশ দিবস। নানা কর্মসূচীর মধ্য দিয়ে চলেছে পরিবেশ সচেতনতার প্রচার ।

৬) এবছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল বেরবে আগামীকাল।

oooooooooooooooooo

বিজেপি-র নেতৃত্বে জাতীয় গণতান্ত্রিক জোট এন ডি এ আগামী শনিবার নতুন সরকার গঠন করতে চলেছে। এই নিয়ে টানা তৃতীয়বার এন ডি এ সরকারের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন নরেন্দ্র মোদী।

আজ তাঁর বাসভবনে জোটের নেতৃবৃন্দকে নিয়ে বৈঠকে সরকার গঠন এবং ভোটের ফলাফল নিয়ে আলোচনা হয়। শরিক দলগুলি শ্রী মোদী-কে সর্বসম্মতভাবে নেতা নির্বাচিত করেন। নরেন্দ্র মোদী, অমিত শাহ্‌ ছাড়াও বৈঠকে হাজির ছিলেন  টিডিপি প্রধান চন্দ্রবাবু নায়ডু, জেডিইউ নেতা - বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমার প্রমুখ। আজ সকালে রাষ্ট্রপতি ভবনে গিয়ে প্রধানমন্ত্রী মোদী তাঁর ও মন্ত্রিপরিষদের ইস্তফা পত্র রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূর হাতে তুলে দেন। শ্রী মোদী ও তাঁর মন্ত্রিসভাকে আপাতত কাজ চালিয়ে যেতে বলেন রাষ্ট্রপতি।

উল্লেখ্য, এবারের লোকসভা নির্বাচনে ২৯৩-টি আসন পেয়েছে এন ডি এ। এর মধ্যে বিজেপি পেয়েছে ২৪০-টি আসন।

বিরোধী আই এন ডি আই এ জয়ী হয়েছে ২৩৪-টি আসনে। এর মধ্যে কংগ্রেস পেয়েছে ৯৯-টি।

পরবর্তী কর্মসূচী স্হির করতে আজ সন্ধ্যায় বৈঠকে বসেছে বিরোধী জোট। উপস্হিত রয়েছেন, কংগ্রেসের সভাপতি মল্লিকার্জুন খার্গে, দলের নেতা রাহুল গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী, সিপিআইএম নেতা সীতারাম ইয়েচুরি, সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব,  আর জে ডি নেতা তেজস্বী যাদব, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী প্রমুখ।

দিল্লি রওনা হওয়ার আগে কলকাতা বিমান বন্দরে অভিষেক বলেন, দেশের সাধারণ মানুষের কতটা ক্ষমতা, নির্বাচনের ফলেই তা প্রমাণিত।

(বাইট – অভিষেক)

এদিকে, বর্ধমান – দুর্গাপুর লোকসভা আসনে পরাজিত বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ বলেছেন, দলের কোথায় ফাঁক থেকে গেছে তা খতিয়ে দেখা দরকার।

(বাইট – দিলীপ)

অন্যদিকে, পুরুলিয়া আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থীর পরাজয়ের দায় স্বীকার করে দলীয় পদে ইস্তফা দিয়েছেন, তৃণমূলের শহর সভাপতি প্রদীপ দাগা। জেলা সভাপতির কাছে আজ ইস্তফাপত্র পাঠিয়ে দেন তিনি।

পুরুলিয়া শহরে বিজেপি প্রায় ২৯ হাজার ভোটে লিড পেয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নব নির্বাচিত সাংসদ ও পরাজিত প্রার্থীদের সঙ্গে ভগবানগোলা এবং বরাহনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে জয়ী দুই বিধায়ককে নিয়ে তৃনমূল কংগ্রেস বৈঠকে বসতে চলেছ। দলের প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে শনিবার তাঁর কালীঘাটের বাড়িতে এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে দলের রাজ্যসভার সাংসদদেরও আমন্ত্রন জানানো হয়েছে। শুভেচ্ছা জানানোর পাশাপাশি আগামী দিনে নবনির্বাচিত সাংসদদের ভূমিকা কি হবে তা নিয়ে বৈঠকে আলোচনা হবে বলে মনে করা হচ্ছে। এইদিকে নির্বাচনে যে সব আসনে দল পরাজিত হয়েছে তার কারন খুঁজতে দলের তরফে প্রতিটি বিধানসভা কেন্দ্রের বুথ স্তর থেকে ফলাফলের রিপোর্ট সংগ্রহের কাজ শুরু হয়েছে বলে দলীয় সূত্রে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা ভোটের ফল ঘোষণার পর থেকেই জেলায় জেলায় হিংসার খবর পাওয়া যাচ্ছে।

নদীয়ার চাপড়ায় খুন হয়েছেন এক তৃণমূল কংগ্রেস কর্মী। মসলেম শেখ নামে ওই ব্যক্তির দেহ মাধবপুরের জয়দেব পল্লীর একটি মদের দোকানের পেছন থেকে উদ্ধার হয়। মসলেমের বিরুদ্ধে অপরাধমূলক কার্যকলাপের অভিযোগ আছে।

কোচবিহার জেলার মাথাভাঙা ও ডাওয়াগুড়ি এলাকায় হামলা ও বাড়ি ভাঙচুরের অভিযোগ উঠেছে বিজেপি আশ্রিত দুষ্কৃতিদের বিরুদ্ধে। তাদের কয়েকজনকে প্রকাশ্যে বন্দুক হাতে দাপিয়ে বেড়াতে দেখা যায় বলেও অভিযোগ।

অন্যদিকে, দিনাহাটার গীতালদহে বিজেপি কর্মীদের বাড়ি ভাঙচুরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে।

বিজেপি পরিচালিত ভ্যাটাগুড়ি এক ও দু নম্বর গ্রাম পঞ্চায়েতের অফিসে তালা ঝুলিয়ে দেন পঞ্চায়েতেরই এক তৃণমূল কংগ্রেস সদস্য।

উত্তর ২৪ পরগনার একাধিক এলাকা থেকে হিংসার খবর মিলেছে। সব ঘটনাতেই অভিযোগের আঙ্গুল শাসক দলের দিকে। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – পল্লব)

এদিকে, পূর্ব বর্ধমানের আউশগ্রামের এড়াল গ্রাম থেকে উদ্ধার হয়েছে তিনটি ড্রাম ভর্তি ২০-টি তাজা বোমা। এলাকায় অশান্তি বাধাতে বিজেপি এই বোমা রেখেছে বলে তৃণমূল কংগ্রেসের অভিযোগ। পাল্টা শাসক দলকেই দায়ী করেছে বিজেপি।

বীরভূমের দুবরাজপুর ব্লকের যশপুর পঞ্চায়েত এলাকার খোয়াজ মহম্মদপুর গ্রামে অভিযান চালিয়ে তিনটি বন্দুক ও এক কেজি বোমা তৈরির মশলা উদ্ধার করেছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বিশ্ব পরিবেশ দিবস। এবারের মূল ভাবনা- প্রাকৃতিক ভূমি পুনরুদ্ধার, মরু প্রসারণ রোধ ও খরাগ্রস্ত জমিকে পুনরায় চাষযোগ্য করে তোলা। বৃক্ষরোপণ, গাছের চারা বিতরণ, পরিবেশ বিষয়ে আলোচনা, পদযাত্রা ইত্যাদির মধ্য দিয়ে দিনটি উদযাপন করা হচ্ছে। আকাশবাণী ভবন চত্ত্বরে বৃক্ষরোপণ কর্মসূচীতে হাজির ছিলেন, কেন্দ্রের প্রধান আশিষ দে এবং বিভিন্ন বিভাগের আধিকারিক ও কর্মীরা।

জলবায়ুর পরিবর্তনের ক্ষতিকারক দিকগুলি থেকে রক্ষা পেতে রাজ্য সরকার ক্লাইমেট চেঞ্জ একশন প্ল্যান তৈরি করেছে। দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান ডঃ কল্যান রুদ্র একান্ত সাক্ষাৎকারে আকাশবাণীকে বলেন, একই

সঙ্গে কলকাতা এবং কলাইকুন্ডার তাপমাত্রা উদ্বেগ জনক হারে বাড়ছে। তিনি বলেন, দেশের মধ্যে প্রথম রাজ্য পশ্চিমবঙ্গ যেখানে ১৯০১ থেকে ২০২২ সাল পর্যন্ত আবহাওয়াকে বিশ্লেষণ করে দেখা গেছে রাজ্যের গড় উষ্ণতা ০.৮৬ ডিগ্রী সেলসিয়াস হারে বাড়ছে। এই পরিস্থিতির মোকাবিলায় স্কুল কলেজের ছাত্র-ছাত্রীদের নিয়ে সবুজ বাহিনী তৈরি করা হচ্ছে।

( বাইট - কল্যাণ রুদ্র)

বিড়লা ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড টেকনোলজিক্যাল মিউজিয়ামে সকালে ছাত্র-ছাত্রীদের মধ্যে চারা গাছ বিতরণ করা হয়। এরপর এক অনুষ্ঠানে জীববৈচিত্রের ক্ষতি ও জলবায়ুর পরিবর্তন: পারস্পরিক সম্পর্ক, বিষয়ে বক্তব্য রাখেন পরিবেশ বিজ্ঞানী ডঃ সৈকত বসু। বিকেলে আলিপুর চিড়িয়াখানায় পরিবেশ রক্ষায় বনদপ্তরের ভূমিকা শীর্ষক আলোচনায় অংশ নেন বনদপ্তরের প্রতিমন্ত্রী বীরবাহা হাঁসদা। কলকাতা প্রেসক্লাবে অসরকারি সংস্থা এনজিওর উদ্যোগে “কলকাতা ক্লাইমেট একশন প্ল্যান" নিয়ে এক আলোচনায় অংশ নেন কলকাতা পুরসভার মেয়র পরিষদ দেবাশীষ কুমার, পরিবেশবিদ জয়ন্ত বসু, কলকাতার তো বাংলাদেশ উপদূতাবাসের ডেপুটি হাইকমিশনার আন্দালিব ইলিয়াস সহ অন্যরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এবছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল বেরোবে আগামীকাল।
রাজ্যে ইঞ্জিনিয়ারিং / টেকনোলজি/ আর্কিটেকচার ও ফার্মেসি বিভাগের স্নাতক স্তরের ভর্তির জন্য এই পরীক্ষা নেওয়া হয়। আগামীকাল দুপুর আড়াইটেয় সল্টলেকের West Bengal Joint Entrance Examinations Board এর কার্যালয়ে সাংবাদিক বৈঠকে এই ফল প্রকাশ করা হবে। ওয়েবসাইটে ফল দেখা যাবে বিকেল ৪ টে থেকে। wbjeeb.nic.in ও wbjeeb.in এ রেজাল্ট পাওয়া যাবে বলে বোর্ডের রেজিস্ট্রার ডক্টর দিব্যেন্দু কর জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর দিনাজপুরের ইসলামপুরের দাড়িভিটে গুলিবিদ্ধ হয়ে দুই প্রাক্তন ছাত্রের মৃত্যুর প্রায় ৬ বছর পর আদালতের নির্দেশে এন আই এ-র তদন্তকারী দল আজ সেখানে যায়। ২০১৮-র সেপ্টেম্বরে শিক্ষকের দাবিতে আন্দোলনরত জনতার সঙ্গে পুলিশের সংঘর্ষে দাড়িভিট হাইস্কুলের ওই দুই প্রাক্তন পড়ুয়া তাপস বর্মন ও রাজেশ সরকার নিহত হন। এই ঘটনাকে কেন্দ্র করে রাজ্য-রাজনীতি উত্তাল হয়ে ওঠে। পরে কলকাতা হাইকোর্ট, ঘটনার এন আই এ তদন্তের নির্দেশ দেয়। আজ দাড়িভিটের ঘটনাস্থল ঘুরে দেখেন তদন্তকারী দলের সদস্যরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

লাভা থেকে কালিম্পং যাওয়ার পথে পাথরঝোরার কাছে গাড়ি দুর্ঘটনায় তিনজনের মৃত্যু হয়েছে। গাড়িটিতে ছিলেন বিমল ছেত্রী নামে এক ব্যক্তি, তাঁর স্ত্রী ও দুই সন্তান। গতকাল গভীর রাতে নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি রাস্তার পাশে গভীর খাদে পড়ে যায়। নিহত হন বিমল ও তাঁর শিশু সন্তান এবং চালক দীনেশ ছেত্রী। বিমলের স্ত্রী নেহা ও বছর পাঁচেকের ছেলেকে কালিম্পং হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থা গুরুতর হওয়ায় বাচ্চাটিকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০